

মুগান্ধ

প্রিন্ট: ২১ সেপ্টেম্বর ২০২৫, ১২:৩৬ এএম

শিক্ষাঙ্গন

রাকসু নির্বাচন: ম্যানুয়াল পদ্ধতিতে ভোট গণনাসহ ৬ দাবি ছাত্রদলের



রাবি প্রতিনিধি

প্রকাশ: ১৭ সেপ্টেম্বর ২০২৫, ০৯:১৫ পিএম



রাজশাহী বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (রাকসু), হল সংসদ, সিনেটে ছাত্র প্রত্তির্নাধ নির্বাচনে স্বচ্ছ ব্যালট বাক্স ও ম্যানুয়াল পদ্ধতিতে ভোট গণনাসহ ৬ দফা দাবি জানিয়েছে ছাত্রদল মনোনীত প্যানেল।

বুধবার (১৭ সেপ্টেম্বর) দুপুরে প্রধান নির্বাচন কমিশনারের কাছে দেওয়া এক স্মারকলিপিতে তারা এ দাবি জানান।

ছাত্রদলের ৬টি দাবি হলো- ভোট গ্রহণে স্বচ্ছ ব্যালট বাক্স নিশ্চিতকরণ, ছবিযুক্ত ভোটার তালিকা প্রকাশ, ম্যানুয়াল পদ্ধতিতে ভোট গণনা, ভোট সম্পৃক্ত ব্যতীত অন্য কেউকে কেন্দ্রের ১০০ মিটারের মধ্যে আসতে না দেওয়া, লেভেল প্লেয়িং ফিল্ড রক্ষার্থে কালো টাকার প্রভাব প্রতিরোধ এবং সব প্রার্থীর জন্য নির্বাচনি আচরণবিধি মনিটরিংয়ের মধ্যে আনা।

স্মারক প্রদান শেষে প্যানেলে ভিপি প্রার্থী শেখ নূর উদ্দিন আবির সাংবাদিকদের বলেন, নির্বাচনের আচরণবিধি অনেকেই অমান্য করছে কিন্তু প্রশাসন কিংবা নির্বাচন কমিশনের এখানে দায়সারা ভাব দেখা গেছে। নির্বাচনি প্রচারণায় অনেকেই আচরণবিধি লঙ্ঘন করছেন। তবে আমরা এখনও পর্যন্ত প্রশাসন অথবা নির্বাচন কমিশনের কোনো প্রতিক্রিয়া দেখতে পাইনি। আমি অনুরোধ করব নির্বাচন কমিশন যেন তাদের সতর্ক করে।

দাবি না মানলে ভোট বর্জন করা হবে কিনা? এক সাংবাদিকের এমন প্রশ্নের জবাবে আবির বলেন, সেটা পরিবেশ ও পরিস্থিতিই বলে দিবে। তবে ফলাফল যেটাই হোক না কেন আমাদের মেনে নিতে হবে। দিনশেষে আমরা একটা সুরু নির্বাচন চাই। আমরা শেষপর্যন্ত ফলাফলের অপেক্ষায় থাকব।

